



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

বিজ্ঞপ্তি

তারিখ: ১৯ জুলাই ২০২৬

Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) এর section 33 এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ধারা ২৪ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা “বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫” এর খসড়া সংশোধনীর উপর সংশ্লিষ্ট সকলের মতামত, পরামর্শ বা আপত্তি আহ্বান করিতেছে।

খসড়া সংশোধনীর উপর মতামত, পরামর্শ বা আপত্তি উক্ত খসড়া সংশোধনী কমিশনের ওয়েবসাইট/সংবাদপত্রে প্রকাশিত হইবার ২(দুই) সপ্তাহের মধ্যে নিম্ন ঠিকানায় প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইলো। উল্লেখ্য যে, উক্ত খসড়া সংশোধনী নিম্নোক্ত ওয়েব লিংকে এবং QR code স্ক্যান করিবার মাধ্যমে পাওয়া যাইবেঃ

* খসড়া সংশোধনী ডাউনলোড করিবার ওয়েব লিংক:

[https://sec.gov.bd/crequest/Amendment_to_BSEC_\(Margin\)_Rules,_2025_19.07.2026.pdf](https://sec.gov.bd/crequest/Amendment_to_BSEC_(Margin)_Rules,_2025_19.07.2026.pdf)

* খসড়া সংশোধনী প্রাপ্তির QR code:



মতামত, পরামর্শ বা আপত্তি প্রেরণের ঠিকানা:

চেয়ারম্যান

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও

শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা

ঢাকা-১২০৭

ই-মেইল: chairman@sec.gov.bd এবং প্রতিলিপি: azizur@sec.gov.bd

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
আইন ডিভিশন
সিএমআরআরসি ডিপার্টমেন্ট
রেগুলেটরী সেকশন
প্রজ্ঞাপন
তারিখ: ১৯ জুলাই ২০২৬

নং ৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০০৪৩.০১.০০.২৭২.০০০- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ধারা ২৪ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ এর সংশোধন প্রস্তাব করিল, যথা:-

১। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ এর সংশোধনী নিম্নরূপ, যথা:-

(ক) প্রারম্ভিক এর ৩য় লাইনে..... পদ্ধতিগত বা ব্যবস্থাগত ঝুঁকির পর “systematic” শব্দটি “systemic”.... দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(খ) বিধি ২ এর সংজ্ঞা (ক) এর ক্রমিক নং (১১) ও (১২) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে:

“(১১) “মার্জিন অর্থায়ন (margin financing)” অর্থ কোনো গ্রাহকের মার্জিন হিসাবে জমাকৃত মার্জিন-এর বিপরীতে উক্ত হিসাবে গ্রাহকের অনুকূলে সিকিউরিটি ক্রয়ের নিমিত্ত কোনো মার্জিন অর্থায়নকারী কর্তৃক প্রদত্ত অর্থ এবং উহার উপর অর্জিত সুদ/মুনাফাকে বুঝাইবে;

ব্যাখ্যা।— মুনাফা বলিতে শরীয়াহ ভিত্তিক মার্জিন অর্থায়নের ক্ষেত্রে অর্জিত লাভকে বুঝাইবে।

(১২) “মার্জিন অর্থায়নকারী (margin financier)” বলিতে মার্জিন অর্থায়ন এর নিমিত্ত কমিশন কর্তৃক নিবন্ধিত কোনো বাজার মধ্যস্থতাকারীকে বুঝাইবে ”

(গ) বিধি ৩ নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে:

“৩। মার্জিন অর্থায়নকারী (margin financier)।- কমিশনে নিবন্ধিত কোনো স্টক-ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার বা পূর্ণ সেবার মার্চেন্ট ব্যাংকার যাহা স্থায়ী গ্রাহককে অত্র বিধিমালার অধীন মার্জিন অর্থায়ন করিয়া থাকেঃ

তবে শর্ত থাকে যে, কোনো সম্পদ ব্যবস্থাপক যদি পোর্টফোলিও ম্যানেজার হিসেবে প্রতিষ্ঠানের ফান্ড ব্যবস্থাপনার কার্যক্রম পরিচালনা করে, তবে উহা মার্জিন অর্থায়নকারী হিসেবে গণ্য হইবে না।।”

(ঘ) বিধি ৪ এর উপবিধি (১) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে:

“৪। মার্জিন অর্থায়নের জন্য পৃথক ব্যাংক হিসাব (separate bank account for margin financing)।- (১) মার্জিন অর্থায়নকারীকে উহার নিজ নামে, স্থায়ী গ্রাহকদেরকে মার্জিন অর্থায়নের নিমিত্ত, একটি আলাদা ব্যাংক হিসাব পরিচালনা করিতে হইবে, যাহা মার্জিন হিসাব সেটেলমেন্টের ক্ষেত্রেও ব্যবহার করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, এই ব্যাংক হিসাব মার্জিন অর্থায়ন সম্পর্কিত কার্যক্রম ছাড়া অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না:

আরো শর্ত থাকে যে, উহার কোনো শাখা (branch) অফিস বা কোনো ডিজিটাল বুথের নামে এইরূপ কোনো ব্যাংক হিসাব খোলা যাইবে না:

আরো শর্ত থাকে যে, ইতোমধ্যে শাখা বা ডিজিটাল বুথের নামে পরিচালিত ব্যাংক হিসাব কমিশনের অনুমোদন ব্যতিরেকে এই বিধি কার্যকরের ০৬ (ছয়) মাসের পর হইতে পরিচালনা করিতে পারিবে না;”

(ঙ) বিধি ৫ এর উপবিধি (১) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে:

“(১) কোনো গ্রাহক, কোনো মার্জিন অর্থায়নকারীর নিকট একইসাথে একটি নগদ হিসাব এবং একটি মার্জিন হিসাব চালু রাখিতে পারিবে;

(চ) বিধি ৬ এর উপবিধি (৫) ও (৯) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে:

“(৫) মার্জিন চুক্তির মেয়াদ হইবে ০১ (এক) বছর, যা কোনো পক্ষ বাতিল না করিলে স্বয়ংক্রিয়ভাবে নবায়ন হইবে; ”

“(৯) কোনো গ্রাহকের আর্থিক সক্ষমতা ও সুরক্ষা বিবেচনায় মার্জিন অর্থায়নকারী নিজস্ব নীতিমালা অনুসরণপূর্বক মার্জিন অর্থায়ন করিতে পারিবে।”।

(ছ) বিধি ৭ এর উপবিধি (১), (৪), (৫), (৬) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে:

“(১) মার্জিন অর্থায়নকারী কোনো গ্রাহকের কোনো মার্জিন হিসাবে মার্জিন অর্থায়ন করিবার পূর্বে নিশ্চিত হইবেন যে, উহার বিপরীতে প্রয়োজনীয় প্রারম্ভিক মার্জিন (initial margin) বা প্রযোজ্য ক্ষেত্রে, পুনঃঅর্থায়ন বা বর্ধিত অর্থায়নে সংরক্ষিতব্য মার্জিন (maintenance margin) সংরক্ষণ করা হইয়াছে;

(৪) মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটিজ ক্রয় ব্যতিত অন্য কোনো উদ্দেশ্যে মার্জিন অর্থায়নকৃত অর্থ ব্যবহার করা যাইবে না;

(৫) কোনো মার্জিন অর্থায়নকারী কোনো অবস্থাতে বা কোনো ভাবে কোনো মার্জিন হিসাবে এই বিধি অনুযায়ী গ্রাহকের ইকুইটি (equity)-এর অধিক পরিমাণ (অর্থাৎ গ্রাহকের ইকুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১:১ এর অধিক) মার্জিন অর্থায়ন করিতে পারিবে না;

(৬) কোনো তালিকাভুক্ত লাইফ ইন্সুরেন্স কোম্পানির শেয়ার ক্রয়ের নিমিত্ত গ্রাহকের ইকুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১:০.২৫ এর অধিক হইবে না;”

(জ) বিধি ৭ এর উপবিধি (৭) বাতিল হইবে।

(ঝ) বিধি ৭ এর উপবিধি (৯) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে:

“(৯) কোনো মার্জিন অর্থায়নকারী কোনো অবস্থাতেই উহার প্রকৃত মূলধন (core capital) বা নিট সম্পদ (net worth), যাহা বেশি হয়, তাহার ৫ (পাঁচ) গুণের অধিক মার্জিন অর্থায়ন করিতে পারিবে না।”।

(ঞ) বিধি ৮ এর উপবিধি (১) এ “রক্ষণশীল (conservative) নীতিমালা” ও “০৬ (ছয়)” শব্দগুলোর পরিবর্তে “মার্জিন অর্থায়ন নীতিমালা (margin financing policy)” ও “০৩ (তিন)” শব্দগুলো দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ট) বিধি ৮ এর উপবিধি (১) এর দফা (ঘ) “systematic” শব্দটি “systemic” শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ঠ) বিধি ৮ এর উপবিধি (২) এ “রক্ষণশীল (conservative)” শব্দগুলো বাতিল হইবে।

(ড) বিধি ৮ এর উপবিধি (২) এর দফা (ক), (খ), (গ), (ঘ), (ঙ), (চ) ও (ছ) এর শুরুতে যথাক্রমে “বিধি ৭-এ বর্ণিত”, “বিধি ৯-এ বর্ণিত”, “বিধি ১০-এ বর্ণিত”, “বিধি ১১-এ বর্ণিত”, “বিধি ১২-এ বর্ণিত”, “বিধি ১৬-এ বর্ণিত” ও “বিধি ১৭-এ বর্ণিত” শব্দগুলো বাতিল হইবে।

(ঢ) বিধি ৮ এর উপবিধি (৩) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে:

“(৩) এই বিধিমালা বা মার্জিন অর্থায়নকারীর নিজস্ব নীতিমালা পরিপালন, প্রয়োগ, বাস্তবায়ন ও তদারকির নিমিত্ত ন্যূনতম দুই সদস্য বিশিষ্ট একটি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি বছরে অন্তত: ৪ (চার) টি সভা করিবে এবং উক্ত সভার কার্যবিবরণী পরিচালনা পর্ষদ সভায় (board meeting) উপস্থাপন করিবে;”

(গ) বিধি ৮ এর উপবিধি (৫) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে:

“(৫) মার্জিন অর্থায়নকারী উহার নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে এই বিধিমালার কোনো বিধান বা শর্ত শিথিলকরণ পূর্বক নীতিমালা প্রণয়ন বা কোনো শর্ত আরোপ করিবে না।”।

(ত) বিধি ৯ এর উপবিধি (১), (২), (৩) ও (৪) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে:

“(১) কোনো মার্জিন হিসাবে সার্বক্ষণিক ‘সংরক্ষিতব্য মার্জিন (maintenance margin)’ হিসেবে গ্রাহকের ইকুইটি মার্জিন অর্থায়নের শতকরা ৭০ ভাগ (৭০%) কম হইবে না;

(২) কোনো কারণে বা কোনো সময় যদি কোনো গ্রাহকের ‘ইকুইটি’ উপবিধি (১) এ বর্ণিত শতকরা হারের নিচে নামিয়া যায়, তাহা হইলে ‘মার্জিন অর্থায়নকারী’ তা সমন্বয়ের জন্য সংশ্লিষ্ট গ্রাহককে অনতিবিলম্বে মার্জিন তলব (margin call) করিবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ মার্জিন তলব লিখিত অথবা সংশ্লিষ্ট গ্রাহকের ই-মেইল ঠিকানা ও নিবন্ধিত মোবাইল নম্বরে মেসেজ এর মাধ্যমে প্রদান করিতে হইবে; এবং প্রয়োজনবোধে গ্রাহক এর সহিত সরাসরি যোগাযোগ করতঃ উক্ত মার্জিন তলব সম্পর্কে অবহিত করিবে;

(৩) উপবিধি (২) অনুযায়ী মার্জিন তলব করিবার ০৩ (তিন) ট্রেডিং দিবস পরও যদি কোনো গ্রাহক উপবিধি (১) মোতাবেক প্রয়োজনীয় মার্জিন জমা দানে ব্যর্থ হন বা বিরত থাকেন, বা তাহার ইকুইটি মার্জিন অর্থায়নের শতকরা ৭০ ভাগ (৭০%) এ উন্নীত করিতে বা সংরক্ষণ করিতে ব্যর্থ হন, তাহা হইলে মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহককে নতুন করিয়া অর্থায়ন করিতে পারিবেনা:

তবে শর্ত থাকে যে, গ্রাহকের ইকুইটি মার্জিন অর্থায়নের শতকরা ৭০ ভাগ (৭০%) উন্নীত বা সমন্বয় করিবার নিমিত্ত ‘মার্জিন অর্থায়নকারী’ উক্ত হিসাবে রক্ষিত প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ বিক্রয় করিতে পারিবে;

(৪) যদি কোনো গ্রাহকের ইকুইটি, মার্জিন অর্থায়নের শতকরা ৫০ ভাগ (৫০%) এর কম হয়, তাহা হইলে ‘মার্জিন অর্থায়নকারী’ সংশ্লিষ্ট গ্রাহকের হিসাব সমন্বয়ের নিমিত্ত, গ্রাহককে কোনো নোটিশ প্রদান ব্যতিরেকে, উক্ত হিসাবে রক্ষিত প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ আবশ্যিকভাবে বিক্রয় করিবে:

তবে শর্ত থাকে যে, আবশ্যিক বিক্রয়ের ক্ষেত্রে মার্জিন অর্থায়নকারী কর্তৃক বিক্রয় আদেশ প্রদান করা সত্ত্বেও যদি উক্ত বিক্রয় তাৎক্ষণিক কার্যকর না হয় বা বিলম্বে কার্যকর হয়, সেইক্ষেত্রে উদ্ভূত ক্ষতির দায় মার্জিন অর্থায়নকারীর উপর বর্তাইবে না;”

(থ) বিধি ১০ এর উপবিধি (১) ও (২) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে:

“(১) মার্জিন অর্থায়নকারী স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত শেয়ারসমূহ ব্যতিত অন্য কোনো সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন করিতে পারিবে না;

(২) উপবিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, স্টক এক্সচেঞ্জ এর ‘G’, ‘N’, ও ‘Z’ ক্যাটাগরিভুক্ত (Category) সিকিউরিটিজ বা স্টক এক্সচেঞ্জের SME, ATB ও OTC প্ল্যাটফর্ম/বোর্ডে তালিকাভুক্ত কোনো সিকিউরিটিজে মার্জিন অর্থায়ন করা যাইবে না।”।

(দ) বিধি ১০ এর উপবিধি (৩) বাতিল হইবে।

(ধ) বিধি ১১ এর উপবিধি (১) ও (২) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে:

“(১) কোনো গ্রাহকের হিসাবে পুঁজিবাজারে তালিকাভুক্ত সিকিউরিটিজে, মার্জিন অর্থায়ন গ্রহণের সময় ন্যূনতম ৩ (তিন) লক্ষ টাকার বিনিয়োগ না থাকিলে, উক্ত হিসাবে মার্জিন অর্থায়ন করা যাইবে না;

(২) কোনো গ্রাহক যদি মার্জিন হিসাবে নিজস্ব নগদ অর্থের বিনিময়ে মার্জিন অর্থায়ন অযোগ্য সিকিউরিটিজ ক্রয় করে, সেক্ষেত্রে উক্ত মার্জিন অর্থায়ন অযোগ্য সিকিউরিটিজ মার্জিন অর্থায়নের নিমিত্ত গ্রাহকের ইকুইটি হিসেবে গণনা করা যাইবে না;”

(ন) বিধি ১১ এর উপবিধি (৩) বাতিল হইবে।

(প) বিধি ১১ এর উপবিধি (৪) ও (৫) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে:

“(৪) মার্জিন অর্থায়নের জন্য বিবেচ্য সিকিউরিটির মূল্য-আয় (P/E বা price earning ratio) অনুপাত ৩০ (ত্রিশ) এর অধিক হইলে অথবা ঋণাত্মক আয় (negative EPS) হইলে উহাতে কোনো মার্জিন অর্থায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বা অন্যান্য আর্থিক সেবা দানকারী কোম্পানির শেয়ারকে মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটি হিসেবে বিবেচনার ক্ষেত্রে মূল্য-আয় (P/E Ratio) অনুপাতের পরিবর্তে price to book value (P/B Ratio) অনুপাত বিবেচ্য হইবে:

তবে আরো শর্ত থাকে যে, P/B Ratio ০৩ (তিন) এর অধিক হইলে, উহাতে মার্জিন অর্থায়ন করা যাইবে না:

আরো শর্ত থাকে যে, বীমা কোম্পানির ক্ষেত্রে P/B Ratio ০১ (এক) এর অধিক হইলে, উহাতে মার্জিন অর্থায়ন করা যাইবে না;

(৫) মার্জিন অর্থায়নের জন্য পূর্ববর্তী মূল্য-আয় অনুপাত (P/E) ও P/B অনুপাত নির্ধারণের ক্ষেত্রে নিম্নোক্ত পন্থা অবলম্বন করিতে হইবে:

(অ) মূল্য-আয় অনুপাত (P/E Ratio) = সিকিউরিটির সর্বশেষ ট্রেডিং দিবসের সমাপনী মূল্য (closing price) ভাগ (/) সর্বশেষ নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন মোতাবেক শেয়ার প্রতি আয় [EPS (Earning Per Share)]:

তবে শর্ত থাকে যে, যেই ক্ষেত্রে অব্যবহিত পূর্বের বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন প্রকাশিত না হওয়ায় শেয়ার প্রতি আয় (EPS) নির্ধারণ করা যাইবে না, সেই ক্ষেত্রে উক্ত কোম্পানির শেয়ারে বিনিয়োগ মার্জিন অর্থায়ন অযোগ্য হইবে;

(আ) price to book value অনুপাত [(P/B) ratio)] = সিকিউরিটিজের সমাপনী বাজার মূল্য (last closing price) ভাগ (/) শেয়ার প্রতি সর্বশেষ নীট সম্পদ মূল্য (Latest Net Asset value per share):

(ই) মার্জিন অর্থায়নের জন্য মার্জিনযোগ্য সিকিউরিটি নির্ধারণের সুবিধার্থে স্টক এক্সচেঞ্জ, P/E Ratio ও P/B Ratio উহার ওয়েবসাইটে নিয়মিতভাবে প্রকাশ করিবে।”

(ভ) বিধি ১১ এর উপবিধি (৮) বাতিল হইবে।

(ব) বিধি ১৪ এর উপবিধি (১) এ নিম্নরূপ শর্তটি সংযোজিত হইবে:

“তবে শর্ত থাকে যে, গবেষণা দলের সদস্যগণের বেতন-ভাতাদি, আনুষঙ্গিক সুবিধাদি প্রত্যক্ষভাবে মার্জিন অর্থায়নকারীর ট্রেডিং কমিশন আয়ের সহিত সম্পৃক্ত হইতে পারিবে না;”

(ভ) বিধি ১৫ এর উপবিধি (৫) এর পর “।” এর পরিবর্তে “:” হইবে এবং এরপর নিম্নরূপ শতাংশটি সংযোজিত হইবে:

“তবে শর্ত থাকে যে, ইসলামিক শরিয়াহ ভিত্তিক মার্জিন অর্থায়ন পদ্ধতি প্রবর্তনের ক্ষেত্রে মার্জিন অর্থায়নকারীর শরিয়াহ সুপারভাইজরি বোর্ড বা শরিয়াহ উপদেষ্টা কর্তৃক উক্ত নীতিমালা সুপারিশকৃত হইতে হইবে।”

(ম) বিধি ১৮ এর নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে:

“১৮। একক সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন সীমা (single security exposure limit) :- কোনো মার্জিন অর্থায়নকারী উহার মোট মার্জিন অর্থায়নের (total outstanding of the margin financing) ২০% এর অধিক কোনো একক সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, কোনো মার্জিন অর্থায়নকারী উহার কোনো একক গ্রাহককে প্রদত্ত মার্জিন অর্থায়নের ২০% এর অধিক কোনো একক সিকিউরিটিতে অর্থায়ন করিতে পারিবে না। ”

(য) তফসিল-ক এর ক্রমিক নং ৫ এর দফা (খ) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে:

“(খ) মার্জিন হিসাবে সার্বক্ষণিক 'সংরক্ষিতব্য মার্জিন' এমনভাবে সংরক্ষণ করিবে, যাহাতে গ্রাহকের ইকুইটি মার্জিন অর্থায়নের শতকরা ৭০ ভাগ (৭০%) এর নিচে নামিয়া না যায়;”

(র) তফসিল-ক এর ক্রমিক নং ৫ এর দফা (ঘ) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে:

“(ঘ) যদি কোনো কারণে মার্জিন হিসাবে গ্রাহকের ইকুইটি মার্জিন অর্থায়নের শতকরা ৫০ ভাগ (৫০%) এর নিচে নামিয়া যায়, তাহা হইলে উহা সমন্বয়ের নিমিত্ত, কোনো নোটিশ প্রদান ব্যতিরেকে, উহাতে রক্ষিত প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ 'প্রথম পক্ষ' আবশ্যিকভাবে বিক্রয় করিবে:

তবে শর্ত থাকে যে, আবশ্যিক বিক্রয়ের ক্ষেত্রে মার্জিন অর্থায়নকারী কর্তৃক বিক্রয় আদেশ প্রদান করা সত্ত্বেও যদি উক্ত বিক্রয় তাৎক্ষণিক কার্যকর না হয় বা বিলম্বে কার্যকর হয়, সেইক্ষেত্রে উদ্ভূত ক্ষতির দায় মার্জিন অর্থায়নকারীর উপর বর্তাইবে না;”

(ল) তফসিল-ক এর ক্রমিক নং ৫ এর দফা (চ) বাতিল হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

মাসুদ খান

চেয়ারম্যান।